

## ভগবান শ্রী কৃষ্ণের ১০৮ টা নাম

১. শ্রীনন্দ রাখিল নাম নন্দের নন্দন।
২. যশোদা রাখিল নাম যাদু বাছাধন।।
৩. উপানন্দ নাম রাখে সুন্দর গোপাল।
৪. ব্রজবালক নাম রাখে ঠাকুর রাখাল।।
৫. সুবল রাখিল নাম ঠাকুর কানাই।
৬. শ্রীদাম রাখিল নাম রাখাল রাজা ভাই।।
৭. ননীচোরা নাম রাখে যতেক গোপিনী।
৮. কালসোনা নাম রাখে রাধা-বিনোদিনী।।
৯. কুস্মা রাখিল নাম পতিত-পাবন হরি।
১০. চন্দ্রাবলী নাম রাখে মোহন বংশীধারী।।
১১. অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া।
১২. কৃষ্ণ নাম রাখেন গর্গ ধ্যানেতে জানিয়া।।
১৩. কল্পমুনি নাম রাখে দেব চক্রপাণী।
১৪. বনমালী নাম রাখে বনের হরিণী।।
১৫. গজহস্তী নাম রাখে শ্রীমধুসূদন।
১৬. অজামিল নাম রাখে দেব নারায়ণ।।
১৭. পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ।
১৮. দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু।।
১৯. সুদাম রাখিল নাম দারিদ্র-ভঞ্জন।
২০. ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন।।
২১. দর্পহারী নাম রাখে অর্জুন সুধীর।
২২. পশুপতি নাম রাখে গরুড় মহাবীর।।
২৩. যুদ্ধিষ্ঠির নাম রাখে দেব যদুবর।
২৪. বিদুর রাখিল নাম কাঙ্গাল ঈশ্বর।।
২৫. বাসুকি রাখিল নাম দেব-সৃষ্টি স্থিতি।
২৬. ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথি।।
২৭. নারদ রাখিল নাম ভক্ত প্রাণধন।
২৮. ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মী-নারায়ণ।।
২৯. সত্যভামা নাম রাখে সত্যের সারথি।
৩০. জাম্বুবতী নাম রাখে দেব যোদ্ধাপতি।।
৩১. বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার।
৩২. অহল্যা রাখিল নাম পাশাণ-উদ্ধার।।
৩৩. ভৃগুমুনি নাম রাখে জগতের হরি।
৩৪. পঞ্চমুখে নাম গান ত্রিপুরারি।।
৩৫. কুঞ্জকেশী নাম রাখে বলী সদাচারী।
৩৬. প্রহ্লাদ রাখিল নাম নৃসিংহ-মুরারী।।
৩৭. বশিষ্ঠ রাখিল নাম মুনি-মনোহর।
৩৮. বিশ্বাবসু নাম রাখে নব জলধর।।
৩৯. সম্বর্তক নাম রাখে গোবর্দ্ধনধারী।
৪০. প্রাণপতি নাম রাখে যত ব্রজনারী।।

৪১. অদिति রাখিল নাম আরতি-সুদন।  
 ৪২. গদাধর নাম রাখে যমল-অর্জুন।।  
 ৪৩. মহাযোদ্ধা নাম রাখি ভীম মহাবল।  
 ৪৪. দয়ানিধি নাম রাখে দরিদ্র সকল।।  
 ৪৫. বৃন্দাবন-চন্দ্র নাম রাখে বিন্দুদুতি।  
 ৪৬. বিরজা রাখিল নাম যমুনার পতি।।  
 ৪৭. বানী পতি নাম রাখে গুরু বৃহস্পতি।  
 ৪৮. লক্ষ্মীপতি নাম রাখে সুমন্ত্র সারথি।।  
 ৪৯. সন্দীপনি নাম রাখে দেব অন্তর্যামী।  
 ৫০. পরাশর নাম রাখে ত্রিলোকের স্বাম।।  
 ৫১. পদ্মযোনি নাম রাখে অনাদির আদি।  
 ৫২. নট-নারায়ন নাম রাখিল সম্বাদি।।  
 ৫৩. হরেকৃষ্ণ নাম রাখে প্রিয় বলরাম।  
 ৫৪. ললিতা রাখিল নাম বাদল-শ্যাম।।  
 ৫৫. বিশাখা রাখিল নাম অনঙ্গমোহন।  
 ৫৬. সুচিত্রা রাখিল নাম শ্রীবংশীবদন।।  
 ৫৭. আয়ন রাখিল নাম ক্রোধ-নিবারণ।  
 ৫৮. চন্ডকেশী নাম রাখে কৃতান্ত-শাসন।।  
 ৫৯. জ্যোতিষ্ক রাখিল নাম নীলকান্তমণি।  
 ৬০. গোপীকান্ত নাম রাখে সুদাম ঘরণী।।  
 ৬১. ভক্তগণ নাম রাখে দেব জগন্নাথ।  
 ৬২. দুর্বাসা নাম রাখে অনাথের নাথ।।  
 ৬৩. রাসেশ্বর নাম রাখে যতেক মালিনী।  
 ৬৪. সর্বযজ্ঞেশ্বর নাম রাখেন শিবানী।।  
 ৬৫. উদ্ধব রাখিল নাম মিত্র-হিতকারী।  
 ৬৬. অক্ষুর রাখিল নাম ভব-ভয়হারী।।  
 ৬৭. গুঞ্জমালী নাম রাখে নীল-পীতবাস।  
 ৬৮. সর্ববেতা নাম রাখে দ্বৈপায়ণ ব্যাস।।  
 ৬৯. অষ্টসখী নাম রাখে ব্রজের ঈশ্বর।  
 ৭০. সুরলোকে নাম রাখে অখিলের সার।।  
 ৭১. বৃষভানু নাম রাখে পরম ঈশ্বর।  
 ৭২. স্বর্গবাসী নাম রাখে সর্ব পরাংপর।।  
 ৭৩. পুলোমা রাখেন নাম অনাথের সখা।  
 ৭৪. রসসিন্ধু নাম রাখে সখী চিত্রলেখা।।  
 ৭৫. চিত্ররথ নাম রাখে অরাতি দমন।  
 ৭৬. পুলস্ত্য রাখিল নাম নয়ন-রঞ্জন।।  
 ৭৭. কশ্যপ রাখেন নাম রাস-রাসেশ্বর।  
 ৭৮. ভাগুরীক নাম রাখে পূর্ণ শশধর।।  
 ৭৯. সুমালী রাখিল নাম পুরুষ প্রধান।  
 ৮০. পুরঞ্জন নাম রাখে ভক্তগণ প্রাণ।।  
 ৮১. রজকিনী নাম রাখে নন্দের দুলাল।  
 ৮২. আহ্লাদিনী নাম রাখে ব্রজের গোপাল।।

৮৩. দেবকী রাখিল নাম নয়নের মণি।
৮৪. জ্যোতির্শ্রয় নাম রাখে যাজ্ঞবল্ক্য মুনি।।
৮৫. অত্রিমুনি নাম রাখে কোটি চন্দ্রেশ্বর।
৮৬. গৌতম রাখিল নাম দেব বিশ্বস্তর।।
৮৭. মরীচি রাখিল নাম অচিন্ত্য-অচ্যুত।
৮৮. স্তানাতীত নাম রাখে শৌনকাদিসুখ।।
৮৯. রুদ্রগণ নাম রাখে দেব মহাকাল।
৯০. সুরগণ নাম রাখে ঠাকুর দয়াল।।
৯১. সিদ্ধগণ নাম রাখে পুতনা-নাশন।
৯২. সিদ্ধার্থ রাখিল নাম কপিল তপোধন।।
৯৩. ভাদুরি রাখিল নাম অগতির গতি।
৯৪. মৎস্যগন্ধা নাম রাখে ত্রিলোকের পতি।।
৯৫. শুক্রাচার্য্য নাম রাখে অখিল বান্ধব।
৯৬. বিষ্ণুলোকে নাম রাখে দেব শ্রীমাধব।।
৯৭. যদুগণ নাম রাখে যদুকুলপতি।
৯৮. অশ্বিনীকুমার নাম রাখে সৃষ্টি-স্থিতি।।
৯৯. অর্য্যমা রাখিল নাম কাল-নিবারণ।
১০০. সত্যবতী নাম রাখে অজ্ঞান-নাশন।।
১০১. পদ্মাক্ষ রাখিল নাম ভ্রমরী-ভ্রমর।
১০২. ত্রিভঙ্গ রাখিল নাম যত সহচর।।
১০৩. বংকচন্দ্র নাম রাখে শ্রীকৃষ্ণমঞ্জরী।
১০৪. মাধুরা রাখিল নাম গোপী-মনোহারী।।
১০৫. মঞ্জুমালী নাম রাখে অভীষ্টপূরণ।
১০৬. কুটীলা রাখিল নাম মদনমোহন।।
১০৭. মঞ্জরী রাখিল নাম কর্ষ্মব্রহ্ম-নাশ।
১০৮. ব্রজব নাম রাখে পূর্ণ অভিলাস।।